

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax-8189029


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ২২২

তারিখঃ ১২/০৫/১৯খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিভূক্ত মির্জাগঞ্জ,পটুয়াখালী উপজেলার কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় বিগত জুলাই/২০১৮ খ্রিঃ মাসে মেয়াদোত্তীর্ণ খেলাপির পরিমাণ ছিল ১১.৩৮ লক্ষ টাকা যা এপ্রিল/১৯ খ্রিঃ মাসে বৃদ্ধি পেয়ে ১৮.২৫ লক্ষ টাকায় দাড়িয়েছে এবং কিস্তি খেলাপির পরিমাণ ৩৬.৪০ লক্ষ টাকা। ইতোপূর্বে খেলাপী ঋণ আদায়ের জন্য বিশেষ অভিযান/ক্রাশ প্রোগ্রাম পরিচালনা, নিয়মিত সাপ্তাহিক কিস্তি আদায়, খেলাপি সদস্যের বিরুদ্ধে সার্টিফিকেট মামলাসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বারংবার নির্দেশনা দেয়া সত্ত্বেও কার্যকর ব্যবস্থা গ্রহণ না করায় উপজেলায় খেলাপি ঋণের পরিমাণ না কমে উপরোক্ত আশংকাজনক হারে বৃদ্ধি পেয়েছে। তাছাড়া মাঠসংগঠক কর্তৃক সমিতি হতে আদায়কৃত ঋণ ও সঞ্চয়ের অর্থ পাশ বহিতে লিপিবদ্ধ না করে হস্তমজুদ করছে অথচ এ বিষয়ে আপনি কিছুই জানেন না। নিয়মিত মাঠ পরিদর্শনপূর্বক এসব ত্রুটিসমূহ দূরীভূত করা আপনার দায়িত্ব। বর্ণিত প্রেক্ষাপটে আপনার অদক্ষতা, উদাসীনতা ও দায়িত্ব পালনে অবহেলা প্রতীয়মান হয়।

উপজেলায় কর্মসূচির দায়িত্বশীল কর্মকর্তা হিসেবে আপনার উদাসীনতা, অদক্ষতা ও দায়িত্ব পালনে অবহেলার জন্য কেন আপনাকে কর্মসূচির নিয়োগ হতে অপসারণ করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা আগামী ১৯/০৫/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য বলা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
০২-৮১৮০১৪৪

জনাব মোঃমাহবুবুর রহমান
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো)
বিআরডিবি,মির্জাগঞ্জ,পটুয়াখালী।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১. পরিচালক(সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মির্জাগঞ্জ,পটুয়াখালী।
৩. প্রোগ্রামার (ইরেসপো),বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. উপপরিচালক,বিআরডিবি, পটুয়াখালী।
৬. ব্যক্তিগত নথি / গার্ড ফাইল।